

ছয় তরুণের মানবিক উদ্যোগ

ইয়ুথ এন্ডিং হাঙ্গারের স্থানীয় নেতা সানজিম মিয়্যার নেতৃত্বে রংপুর জেলার গংগাচড়া উপজেলার নোহালী ইউনিয়নের পূর্বকচুয়া গ্রামের সরকার পাড়ায় সাতটি দুস্থ পরিবারে গত ২০ এপ্রিল খাদ্যসামগ্রী পৌঁছে দেওয়া হয়। ইয়ুথ এন্ডিং হাঙ্গারের নেতা গোপাল চন্দ্র রায়, জীবন রায়, দ্বিপজল রায়, সুমন রায়, মনিন্দ্রনাথ সম্রাট ও অসীম রায়ের যৌথ উদ্যোগে এই মানবিক সহায়তা উদ্যোগ পরিচালিত হয়।



তাদের উদ্যোগে প্রত্যেক পরিবারকে এক কেজি করে ময়দা, টমেটো ও বেগুন, আধা কেজি লবণ, আধা লিটার সয়াবিন তেল ও একটি সাবান দেওয়া হয়। তাদের এই কার্যক্রমে এলাকাবাসী সমর্থন জানিয়েছেন এবং বেশকিছু মানুষ পরবর্তীতে সহযোগিতার জন্য প্রতিশ্রুতি দিয়েছেন।

পত্নীতলার তরুণদের স্বেচ্ছাসেবা

নওগাঁ জেলার পত্নীতলা উপজেলার মাটিন্দর ইউনিয়ন পরিষদ কর্তৃক করোনভাইরাস পরিস্থিতির কারণে সংকটগ্রস্ত দরিদ্র পবিরগুলোকে সহায়তার উদ্যোগ নেওয়া হয়। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর আলম রুবেল এবং সদস্যদের উদ্যোগে ২০ এপ্রিল দরিদ্র মানুষের মাঝে ত্রাণ বিতরণ করা হয়। এই কর্মসূচিতে স্বেচ্ছাসেবক হিসেবে দায়িত্ব করেন ইয়ুথ এন্ডিং হাঙ্গারের নেতৃবৃন্দ। তারা কর্মহীন শ্রমিক পরিবারের তালিকা তৈরি এবং খাদ্যসামগ্রী পৌঁছে দেওয়ার ক্ষেত্রে দায়িত্ব পালন করেন। এ কাজে নেতৃত্ব দেন ইয়ুথ লিডার নুর আলম, সুমন, সুনিল সাহা ও সাবেক ইয়ুথ লিডার, নারীনেত্রী সাবরিন সুলতানা দোলন। নুর আলম বলেন, তাদের মানবিক সহায়তা কর্মসূচি অব্যাহত থাকবে।



সবাই মিলে শপথ করি করোনা ভাইরাসমুক্ত বাংলাদেশ গড়ি

অসচ্ছল মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ

মেহেরপুর জেলার গাংনী উপজেলার বামুন্দী ইউনিয়নের ইয়ুথ এন্ডিং হাঙ্গার ইউনিটের নেতৃত্বে রামনগর গ্রামে কর্মহীন অসহায় মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। গত ২০ এপ্রিল ইয়ুথ লিডাররা ৩০টি পরিবারকে এই সহায়তা প্রদান করেন। গ্রামের এই পরিবারগুলো যাতে সামাজিকভাবে বিব্রতকর অবস্থায় না পড়ে, সে বিষয়টি নিশ্চিত করতে রাতেরবেলা গোপনে বাড়ি বাড়ি গিয়ে খাদ্যসামগ্রী পৌঁছে দেওয়া হয়।

ইয়ুথ লিডার সবুজ আহমেদ ও রাকিবুল ইসলাম রকির নেতৃত্বে ছয় জনের একটি টিম এই কাজটি সম্পন্ন করেছে। ইয়ুথ এন্ডিং হাঙ্গারের উদ্যোগী তরুণেরা জানান, দরিদ্র শ্রমিক শ্রেণীর মানুষের জন্য তাদের এই উদ্যোগ চলমান থাকবে।



সবাই মিলে শপথ করি করোনা ভাইরাসমুক্ত বাংলাদেশ গড়ি

বইপড়া প্রতিযোগিতা

ইয়ুথ এন্ডিং হাঙ্গার জাতীয় ফোরামের আয়োজনে 'বইপড়া প্রতিযোগিতা' শুরু হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদেরকে পঠিত বইয়ের উপর ৭০০ থেকে ১২০০ শব্দের একটি আলোচনা (রিজিউ) লিখতে হবে। প্রতি ১৫ দিনে বিজয়ী পর্যায়ে এবং প্রতি মাসে জাতীয় পর্যায়ে সেরা পাঠক নির্বাচন করা হবে।

সেরা পাঠকদের জন্য রয়েছে আকর্ষণীয় পুরস্কার!

প্রতিযোগিতার বিস্তারিত তথ্য জানতে ইয়ুথ এন্ডিং হাঙ্গারের ফেসবুক গ্রুপ এবং পেইজ দেখুন।

প্রতিযোগিতায় অংশ নিন, পুরস্কার জিতুন!

